

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা)  
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ  
১০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০০৪১.২৫.১০২

**বিষয়: কমর্ফোর্ট কালেকশন লিঃ নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে ১ম এডহক শিল্প আইআরসি নিয়মিতকরণের সুপারিশ প্রদান প্রসংগে।**

সূত্র: আবেদনপত্র নং-৭৫২, তারিখঃ ২১/০৮/২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কমর্ফোর্ট কালেকশন লিঃ, অফিসঃ ৯৬, দারুস সালাম, মিরপুর, ঢাকা-১২১৬ ও কারখানা: হেমায়েতপুর, সাভার, ঢাকা ১০০% রপ্তানীমুখী তৈরি পোশাক (নীট ও ওভেন) উপ-খাতে নিবন্ধনকৃত একটি বস্ত্র শিল্প কারখানা। যার বস্ত্র অধিদপ্তরের নিবন্ধন নং- আরএমজি/ইএক্সপি ০০০৭৯২-২১, তারিখঃ ২২/০২/২০২১ খ্রিঃ। শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিয়মিত ভিত্তিতে কাঁচামাল আমদানির জন্য শিল্প আইআরসি নং- ২৬০৩২৬১২০৬১৭২২১ নিয়মিতকরণের আবেদন জানালে কারখানাটি এ অধিদপ্তরের একজন ইন্সপেক্টর সরেজমিনে পরিদর্শন করে বিস্তারিত তথ্যাদিসহ একটি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন এবং দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা নিরীক্ষা করে প্রতিষ্ঠানটির অনুকূলে ১ম এডহক শিল্প আইআরসি এর বাৎসরিক আমদানি স্বত্ব নির্ধারণ ব্যতিরেকে ৮ম শ্রেণীর ১ম এডহক শিল্প আইআরসি নিয়মিতকরণের সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, “তৈরি পোশাক (নীট ও ওভেন)” উপ-খাতের শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২৪ যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে।

০২। অতএব, উপরিউক্ত সিদ্ধান্তের আলোকে আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে কমর্ফোর্ট কালেকশন লিঃ নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে ১ম এডহক শিল্প আইআরসি এর বাৎসরিক আমদানি স্বত্ব নির্ধারণ ব্যতিরেকে ৮ম শ্রেণীর ১ম এডহক শিল্প আইআরসি নিয়মিতকরণের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি “তৈরি পোশাক (নীট ও ওভেন)” বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ (নিষিদ্ধ পণ্য ব্যতিত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে। এ জন্য আইন ও বিধি অনুসারে কোন দায় বা দায়িত্ব থেকে তাকে অব্যাহতি দেবে না।



১০-০৯-২০২৫

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০০৪১.২৫.১০২/১ (৬)

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ  
১০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।

- ৩। ব্যবস্থাপনা পরিচালক, কমর্ফোর্ট কালেকশন লিঃ, অফিসঃ ৯৬, দারুস সালাম, মিরপুর, ঢাকা-১২১৬ ও কারখানা:  
হেমায়েতপুর, সাভার, ঢাকা।
- ৪। ওয়ান স্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ৫। এসিস্টেন্ট মাইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।
- ৬। ., অফিস কপি।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the date and name.

১০-০৯-২০২৫

মোহাম্মদ মানিক খান  
সহকারী পরিচালক